গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
নীতি শাখা
৯১ মতিঝিল বা/এ, ঢাকা
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০৬০.০৬.০০২.১৫-১৮৪

তারিখঃ ০৪ কার্তিক ১৪২৪ / ২৫ অক্টোবর ২০১৭

## সভার নোটিশ

জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটি (ECNCID)'র আহবায়ক মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এমপি'র সভাপতিত্বে কমিটির ৮ম সভা আগামী ০৯ নভেম্বর ২০১৭, বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (তৃতীয় তলা, কক্ষ নং-৩০৬) অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.moind.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে।

০২। উক্ত সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/১০/১৭

মোঃ সলিম উল্লাহ
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫২৫৫৬
salimullah1969@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০২। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বিডিবিএল ভবন, লেভেল-১৫, ১২ কাওরান বাজার, ঢাকা।
০৯। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।
১৭। ভারপ্রাপ্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। ভারপ্রাপ্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটর্ন গার্ডেন, ঢাকা।
১৯। ভারপ্রাপ্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। চেয়ারম্যান, ট্যারিফ কমিশন, ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২২। সদস্য-২, প্রাইভেটাইজেশন কমিশন, পরিবহন পুল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
২৩। ডেপুটি গভর্নর-১, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
২৪। বিনিয়োগ বোর্ড-এর উপযুক্ত প্রতিনিধি
২৫। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, গ্রীন রোড, সেন্টাল হাসপাতাল সংলগ্ন, ধানমন্ডি, ঢাকা।
২৬। চেয়ারম্যান, বিসিক, মতিঝিল বা/এ, ঢাকা

চলমান

২৭। অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২৮। যুগ্ম সচিব (নীতি ও আস), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২৯। বিভাগ প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩০। ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি, ৮, ডিআইটি এভিনিউ (লেভেল ১৪-১৭), ঢাকা।
৩১। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার, ৪ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
৩২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০ মতিঝিল বা/এ, ঢাকা
৩৩। সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (বিডবিলউসিসিআই), ঢাকা।
৩৪। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই), ১২২-১২৪ মতিঝিল বা/এ, ঢাকা।
৩৫। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই), ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা।
৩৬। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই), বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা, ঢাকা।
৩৭। সভাপতি, ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফআইসিসিআই), ঢাকা।
(সামা হোমস, এপার্টমেন্ট-সি/৩, বাসা-৫৯, রোড-১, ব্লক-আই, বনানী, ঢাকা-১২১৩)।
৩৮। সভাপতি, চিটাগং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিসিসিআই), চট্টগ্রাম।
৩৯। সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব), মেজবাহ উদ্দিন প্লাজা, ৯১, নিউ সার্কুলার রোড, মৌচাক, ঢাকা।
৪০। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক এসোসিয়েশন (বিপিজিএমইএ), পল্টন টাওয়ার, সুইচ ৬০৩-৬০৪, ৮৭, পুরানা পল্টন লাইন (৭ম তলা), ঢাকা।
৪১। সভাপতি, বাংলা ক্রাফট, বিটিএমসিট ভবন, কাওরান বাজার, ঢাকা। (বিশেষ আমন্ত্রণে)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
০২। উপ সচিব, প্রঃ (সাসে) অধিশাখা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
(উক্ত সময়ে সভাকক্ষ প্রস্তুত রাখাসহ ৫০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৩। উপ সচিব (আইসিটি) অধিশাখা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
(উক্ত সভায় প্রজেক্টরসহ আনুষঙ্গিক যন্ত্রপাতি প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো)।
০৪। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# শিল্প মন্ত্রণালয়

## জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্ব াহী কমিটির ৮ম সভা

স্থানঃ শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

তারিখঃ ০৯ নভেম্বর ২০১৭

# জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহীকমিটির ৮ম সভার কার্য পত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাননীয় শিল্পমন্ত্রী |
| তারিখ | : | ০৯ নভেম্বর ২০১৭ |
| সময় | : | ১০:০০ টা |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

| ক্রমিক | আলোচ্যসূচি | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১। | ০৭.০৮.২০১৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নিবার্হী কমিটির ৭ম সভার কার্য বিবরণী দৃঢ়করণ | |
| ০২। | ৭ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>ক) জাহাজ নির্মাণ শিল্পনীতিমালা এর খসড়া প্রণয়ন<br>খ) জাতীয় মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতি ২০১৭ এর খসড়া প্রণয়ন | |
| ০৩। | জাতীয় শিল্পনীতি ২০১৬ এর কর্মপরিকল্পনা বাস্তবায়নজনিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা | |
| ০৪। | চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালার খসড়া প্রণয়ন | |
| ০৫। | ক) গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং শিল্প খাতকে অগ্রাধিকার খাতে অন্তর্ভুক্ত করা<br>খ) নারিকেলের ছোবড়ার আঁশ (Coir) নির্ভর শিল্পকে অগ্রাধিকার খাতে অন্তর্ভুক্তকরণ | |
| ০৬। | হস্ত ও কারুশিল্প নীতিমালা ২০১৫ বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ | |
| ০৭। | বিবিধ | |

# জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটি(ইসিএনসিআইডি) সভার কার্য পত্র

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করণে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। এ অঙ্গীকার বাস্তবায়নের কৌশল হিসেবে সরকারি এবং বেসরকারি উদ্যোগে ব্যাপক শিল্পায়নকে মূলভিত্তি হিসাবে নির্ধারণ করা হয়েছে।টেকসই অর্থনৈতিক উন্নয়নের একটি অপরিহার্য পূর্ব শর্ত হচ্ছেদ্রুত শিল্পায়ন।দেশে পরিকল্পিতভাবে শিল্পায়ন ও এর সুষম বিকাশ নিশ্চিতকরণে জাতীয় শিল্পনীতি ২০১৬ প্রণয়ন করা হয়েছে। দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং জনগণের আয় ও জীবনযাত্রার মানের টেকসই উন্নয়নে জাতীয় শিল্পনীতি ২০১৬ ব্যাপক অবদান রাখতে সক্ষম হবে মর্মে আশা করা যায়। জাতীয় শিল্পনীতি ২০১৬ এর ১৬.৫ অনুচ্ছেদ অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ ও মাননীয় শিল্পমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটি গঠন করা হয়েছে। ০৭ আগস্ট ২০১৬ তারিখে মাননীয় শিল্প মন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটির৭ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার অগ্রগতি পর্যালোচনা ও জাতীয় শিল্পনীতি২০১৬ এর কর্ম পরিকল্পনাবাস্তবায়নজনিত মাননীয় মন্ত্রীর দিকনির্দেশনা কামনায় এ সভা আয়োজন করা হয়েছে।

**আলোচ্যসূচিঃ ১: ০৭.০৮.২০১৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নিবার্হী কমিটির ৭ম সভার কার্য বিবরণী দৃঢ়করণ**

০৭.০৮.২০১৬ তারিখে মাননীয় শিল্প মন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্য বিবরণীটি পাঠান্তে অনুমোদন ও দৃঢ়করণ করা যায়।

**আলোচ্যসূচিঃ ২: ৭ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা**

বিগত ০৭.০৮.২০১৬ তারিখে মাননীয় শিল্প মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্বাহী কমিটির ৭ম সভার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| **আলোচ্যসূচি** | গত সভার সিদ্ধান্ত ও বিবরণ | বাস্তবায়ন কর্তৃপক্ষ | অগ্রগতি/গৃহীত পদক্ষেপ |
|---|---|---|---|
| জাহাজ নির্মাণ শিল্প নীতিমালা প্রণয়ন ও এ শিল্পকে শিল্প মন্ত্রণালয় কর্তৃক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ | একটি যুগোপযোগী জাহাজ নির্মাণ শিল্প নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে। এ লক্ষ্যে অতিরিক্ত সচিব (স্বস) কে আহবায়ক করে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সেক্টরের প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি জাহাজ নির্মাণ শিল্প নীতিমালার একটি খসড়া দ্রুত দাখিল করবে। | শিল্প মন্ত্রণালয় | জাহাজ নির্মাণ শিল্প নীতিমালার একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। |
| মোটর সাইকেল উৎপাদন ও বাজারজাতকরণ নীতিমালা প্রণয়ন | বাংলাদেশে মোটর সাইকেল শিল্প বিকাশ ও বিপণন পরিবেশ সৃজনে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স্বস) কে আহবায়ক করে গঠিত কমিটি খসড়া নীতিমালা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করবে। | শিল্প মন্ত্রণালয় | জাতীয় মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতি ২০১৭ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়ার উপর মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে এবং শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেয়া হয়েছে। |

| আলোচ্যসূচি | গত সভার সিদ্ধান্ত ও বিবরণ | বাস্তবায়ন কর্তৃপক্ষ | অগ্রগতি/গৃহীত পদক্ষেপ |
| --- | --- | --- | --- |
| বিসিআইসি, বিএসইসি, বিএসএফআইসি'র আওতাধীন শিল্প কারখানার জমিতে যৌথ উদ্যোগ কিংবা পিপিপির আওতায় শিল্প স্থাপনের উদ্যোগ গ্রহণ | শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স্বস) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি শিল্প মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিভিন্ন কলকারখানাসমূহে অব্যবহৃত জমিতে নিজস্ব উদ্যোগ কিংবা যৌথ উদ্যোগে নতুন কি ধরনের শিল্প কারখানা গড়ে তোলা যায় তার একটি মাস্টার প্ল্যান প্রণয়ন করে ইসিএসসিআইডি'র অনুমোদনের জন্য উপস্থাপন করবে। | শিল্প মন্ত্রণালয় | কার্যক্রম অব্যাহত আে |
| আইসিবি এএমসিএল প্রবাসী শিল্প বিনিয়োগ মিউচুয়াল ফান্ড গঠন | আইসিবি এএমসিএল প্রবাসী শিল্প বিনিয়োগ মিউচুয়াল ফান্ড গঠনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ দিক নির্দেশনার বিষয়ে ২য় এনসিআইডি সভার আলোচ্যসূচি হিসেবে অন্তর্ভুক্তি করা হয়। ২৬ আগস্ট ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২য় জাতীয় শিল্প উন্নয়ন পরিষদের নির্দেশনার আলোকে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের বিষয় বিবেচনায় নিয়ে আইসিবি এএমসিএল প্রবাসী শিল্প বিনিয়োগ মিউচুয়াল ফান্ড গঠনের কার্যক্রম অব্যাহত আছে। | শিল্প মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং আইসিবি | বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের বিষয় বিবেচনায় নিয়ে আইসিবি এএমসিএল প্রবাসী শিল্প বিনিয়োগ মিউচুয়াল ফান্ড গঠনের কার্যক্রম অব্যাহত আছে। বিষয় টি আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| **বিবিধ**<br>ওয়ান স্টপ সার্ভিস সেল স্থাপন | বিনিয়োগ বোর্ডের ওয়ান স্টপ সার্ভিস সেলের ন্যায় ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাদের দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে বিসিক কার্যালয়ে একটি ওয়ান স্টপ সার্ভিস সেল স্থাপন করা | বিসিক | বিসিক ওয়ান স্টপ সার্ভিস সেল স্থাপনের কার্যক্রম গ্রহণ করেছে |
| প্লাস্টিক শিল্প নগরী গড়ে তোলা | বিভিন্ন কলকারখানাসমূহে অব্যবহৃত জমিতে যৌথ উদ্যোগ বা পিপিপির আওতায় বা বিসিকের উদ্যোগে আরও প্লাস্টিক শিল্প নগরী গড়ে তোলা | | বিসিকের উদ্যোগে আরও প্লাস্টিক শিল্প নগরী গড়ে তোলার কার্যক্রম চলছে |
| TSDF স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ | জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্পসহ অন্যান্য শিল্প যেগুলো অত্যাধিক পরিমাণে পরিবেশ ক্ষতিকারক বর্জ্য নিঃসরণ করছে সে সকল শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে Treatment, Storage & Disposal Facility (TSDF) নির্মাণ করতে হবে। SENSREC প্রকল্পের দ্বিতীয় ফেইজের আওতায় TSDF নির্মাণের লক্ষ্যে বৈদেশিক সাহায্য প্রাপ্তির জন্য জরুরিভিত্তিতে উদ্যোগ গ্রহণ করতে হবে। উন্নয়ন সহযোগীদের কাছ থেকে এ বিষয়ে বৈদেশিক সাহায্য পাওয়া না গেলে প্রয়োজনে সরকারী অর্থায়নে TSDF স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | | শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে TSDF স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। |

**আলোচ্যসূচিঃ ৩:জাতীয় শিল্পনীতি ২০১৬ এর কর্মপরিকল্পনা বাস্তবায়নজনিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হলোঃ**

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১১ | ভেঞ্চার ক্যাপিটাল অর্থায়ন | ৪.২৩ | আইসিবি এএমসিএল শিল্প বিনিয়োগ মিউচুয়াল ফান্ড গঠন | আইসিবি এপ্রিল/১৬ থেকে জুন/১৭ | "আইসিবি এএমসিএল শিল্প বিনিয়োগ মিউচ্যুয়াল ফান্ড" গঠন এবং এর দ্রুত বাজারজাতকরণের লক্ষ্যে উদ্যোক্তা হিসেবে প্রস্তাবিত ফান্ডে বিনিয়োগ এবং ট্রাস্টি ও কাস্টোডিয়ান নির্বাচনের বিষয়ে উদ্যোক্তাসমূহের পর্যদের সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উদ্যোক্তাগণের স্ব স্ব পরিচালনা বোর্ডের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৩৩ | শিল্পখাতে কর্পোরেট সংস্কৃতি সৃষ্টি | ১৩.২ | চাহিদাভিত্তিক পাঠ্যসূচি প্রণয়নে সংশ্লিষ্ট শিল্প খাতের এসোসিয়েশনকে সম্পৃক্তকরণ | শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় | এটি একটি চলমান প্রক্রিয়া। শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| ৪২ | শিল্প খাতে দক্ষতা বৃদ্ধি | ১৫.৪ | শিল্প ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি কার্যক্রম | শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় | এটি একটি চলমান প্রক্রিয়া। মন্ত্রণালয়ের সহযোগী হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| | | ১৫.৬ (ঘ) | বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃতি প্রদান কার্যক্রম | শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় | এটি একটি চলমান প্রক্রিয়া। মন্ত্রণালয়ের সহযোগী হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| | | ১৫.৭ | বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ কার্যক্রম (Apprenticeship) কে শক্তিশালীকরণ | শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় | এটি একটি চলমান প্রক্রিয়া। মন্ত্রণালয়ের সহযোগী হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| | | ১৫.৬ (ক) | জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (National Technical and Vocational Qualification Framework (NTVQF) অনুসারে দক্ষতা স্তর উপযোগী কারিকুলাম প্রণয়ন, শিক্ষা ও প্রশিক্ষণ ব্যবস্থা চালুকরণ | শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় | এটি একটি চলমান প্রক্রিয়া। মন্ত্রণালয়ের সহযোগী হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ৪২ | শিল্প খাতে দক্ষতা বৃদ্ধি | ১৫.৬ (গ) | সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন (Competency Based Training and Assessment) ব্যবস্থা চালুকরণ | শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয় | এটি একটি চলমান প্রক্রিয়া। শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| | | ১৫.৬ (ঘ) | স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃতি প্রদান কার্য ক্রম | | এটি একটি চলমান প্রক্রিয়া। শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| | | ১৫.৭ | শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ কার্যক্রম (ApprenticeshipApprenticeship) কে নিশ্চিতকরণ | | এটি একটি চলমান প্রক্রিয়া। শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর মাধ্যমে বিষয়টি বাস্তবায়িত হচ্ছে। |
| ২ | অনগ্রসর এলাকায় শিল্প সম্প্রসারণ | ৪.২ | • শিল্পায়নে পশ্চাৎপদ এলাকা, সম্ভাবনাময় এলাকা এবং অর্থ নৈতিকভাবে অনগ্রসর এলাকায় সুযোগ-সুবিধা প্রদানের জন্য সুপারিশমালা প্রণয়ন<br>• সুপারিশমালা বাস্তবায়ন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,<br><br>জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৬ জানুয়ারি<br><br>২০১৭ থেকে ডিসেম্বর ২০২১ | * স্বল্প উন্নত এলাকা (Less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (Least developed area) অবস্থিত ক্ষুদ্র বা কুটির শিল্প হতে উদ্ভুত আয়ের উপর আয়কর রেয়াত প্রদান করা হয়েছে।<br>* বাংলাদেশ অর্থ নৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সুপারিশ অনযায়ী অর্থ নৈতিক অঞ্চল ডেভেলপারদের ব্যবসায়িক কার্য ক্রম হতে উদ্ভুত আয়, উক্ত অঞ্চলে পরিচালিত ব্যবসায়ী কার্য ক্রম হতে উদ্ভুত আয় বিদেশি প্রকর্মী ঘোষিত লভ্যাংশ, শেয়ার হস্তান্তর হতে উদ্ভুত মূলধনী মুনাফা, Royalties, Technical Know-how fees ইত্যাদির উপর বিশেষ কর সুবিধা প্রদান করা হয়েছে। |
| ৩ | উৎপাদিত পণ্যের কর ও শুল্ক | ৪.২ (খ) | উৎপাদিত পণ্যের উপর আরোপিত কর ও শুল্কের হার নিয়মিত পর্য ালোচনা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br><br>এপ্রিল/১৬ থেকে জুন/২১ | * প্রত্যেক অর্থ বছরের বাজেট অনুশীলন কার্য ক্রমের আওতায় বিদ্যমান করা হার পর্য ালোচনা করা হচ্ছে। |
| ৪ | কর অবকাশ ও অবচয় সুবিধা | ৪.৩ | • বিভিন্ন শিল্পখাত-উপখাতে বিদ্যমান শুল্ক ও কর বিধি-বিধান অনুযায়ী কর অবকাশ ও অবচয় সুবিধা যুগোপযোগীকরণের সুপারিশমালা প্রণয়ন<br>• সুপারিশমালা বাস্তবায়ন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br><br>এপ্রিল/১৬ থেকে জুন/১৭<br>জুলাই/১৭ থেকে জুন/২১ | * বিদ্যমান কর আইনে বিভিন্ন শিল্পখাত উপখাতে দশ বছরের জন্য ক্রমহ্রাসমান হারে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়েছে। |
| | | | শিল্প পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল আমদানী শুল্ক ন্যূনতম রাখার সুপারিশ বাস্তবায়ন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br><br>জুলাই/১৭ থেকে জুন/২১ | বাস্তবায়নকারী সহযোগী সংস্থার সাথে আলোচনাক্রমে বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে। |
| ৮ | বিনিয়োগ প্রণোদনা | ৪.১০ | • স্থানীয় শিল্প প্রতিষ্ঠানে অপরিহার্য ভাবেব্যবহৃত কাঁচামাল আমদানীর ক্ষেত্রে শুল্ক/কর রেয়াত সুবিধা দেয়ার লক্ষ্যে সুপারিশমালা প্রণয়ন<br>• উক্ত সুপারিশমালা বাস্তবায়ন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br><br>এপ্রিল/১৬ থেকে জুন/১৬<br><br>জুলাই/১৬ থেকে জুন/২১ | *আয়করঃ<br>শিল্প প্রতিষ্ঠান ব্যবহৃত উল্লেখযোগ্য সংখ্যক কাঁচামালা আমদানির ক্ষেত্রে প্রযোজ্য উৎসে কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | বিনিয়োগ প্রণোদনা | ৫.৬ | • রপ্তানিমুখী এসএমইদের আর্থি কসহ সকল প্রণোদনায় অগ্রাধিকার প্রদানের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়ন<br>• উক্ত সুপারিশমালা বাস্তবায়ন/অনুসরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বিভাগ<br><br>এপ্রিল/১৬ থেকে জুন/১৬<br>জুলাই/১৬ থেকে জুন/২১ | পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য উৎস করের হার হ্রাস করা হয়েছে এবং উৎসে কর্তিত করকে ন্যূনতম কর (minimum tax) হিসেবে বিবেচনার বিধান করা হয়েছে। |
| | স্থানীয় শিল্পের বিকাশ | ১২.৫ | বিদেশি বিনিয়োগকারীদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধাযুক্ত দেশভিত্তিক শিল্প পার্ক প্রতিষ্ঠাকরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br><br>এপ্রিল/১৬ থেকে জুন/২১ | বাংলাদেশ অর্থ নৈতিক অঞ্চল কর্তৃপক্ষ ও বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের সুপারিশ অনযায়ী অর্থ নৈতিক অঞ্চল ও হাইটেক পার্ক ডেভেলপারদের ব্যবসায়িক কার্য ক্রম হতে উদ্ভুত আয়, উক্ত অঞ্চল ও পার্কে পরিচালিত ব্যবসায়িক কার্য ক্রম হতে উদ্ভুত আয় বিদেশি প্রকর্মী, ঘোষিত লভ্যাংশ, শেয়ার হস্তান্তর হতে উদ্ভুত মূলধনী মুনাফা Royalties Technical Knowhow fees ইত্যাদির উপর বিশেষ কর সুবিধা প্রদান করা হয়েছে। |
| ২৭ | পাট শিল্পের বিকাশ | ১১.৩ (জ) | পাট মিশ্রিত পণ্য ও বৈচিত্র্যপূর্ণ পাটপণ্য উৎপাদনে সহায়তা | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br>এপ্রিল/১৬ থেকে জুন/২১ | * পাটজাত দ্রব্য রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য উৎস করের হার হ্রাস করা হয়েছে এবং উৎসে কর্তিত করকে ন্যূনতম কর (minimum tax) হিসেবে বিবেচনার বিধান করা হয়েছে।<br>* পাটজাত দ্রব্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের উক্ত শিল্প হতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য আয়করের হার হ্রাস করা হয়েছে। |
| ২৯ | শিল্পায়নে উন্নত ও উদ্ভাবনীমূলক প্রযুক্তির ব্যবহার | ১২.১ | • উচ্চ প্রযুক্তিসম্পন্ন, উদ্ভাবনীমূলক পণ্য উৎপাদনে বিনিয়োগ প্রণোদনার বিষয়ে সুপারিশমালা প্রণয়ন।<br><br>• সুপারিশমালা বাস্তবায়ন | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ<br>এপ্রিল/১৬ থেকে জুন/১৮<br><br>জুলাই/১৮ থেকে ডিসেম্বর/২১ | তথ্য ও প্রযুক্তির বিভিন্ন খাতের ব্যবসায়িক কার্য ক্রম হতে অর্জিত আয়কে৩০ জুন ২০২৪ পর্য ন্ত কর অব্যাহতি প্রদান করা হয়েছে। |
| ১০ | শিল্পখাতে ইউটিলিটি সার্ভি স সুবিধা | ৪.১৯ | শিল্প খাতের জন্য প্রয়োজনীয় গ্যাস এবং পর্য প্ত জ্বালানী সরবরাহ নিশ্চিতকরণ | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | বর্তমানে দেশে গ্যাসের মজুদ, চাহিদা ও সরবরাহ পরিস্থিতি বিবেচনার নতুন এলাকায় নেটওয়ার্ক বর্ধি ত না করে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ ও জ্বালানী বিষয়ক উপদেষ্টার নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে শিল্প খাতে গ্যাস সংযোগ প্রদান করা হচ্ছে। এছাড়া শিল্পখাতে অগ্রাধিকার প্রদান করে সরকার ঘোষিত বিশেষ ইকোনোমিক জোনসমূহে গ্যাস সরবরাহের লক্ষ্যে উদ্যোগ নেয়া হচ্ছে। |
| ১১ | ভেঞ্চার ক্যাপিটাল অর্থ ায়ন | ৪.২৩ | আইসিবি এএমসিএল শিল্প বিনিয়োগ মিউচুয়াল ফান্ড গঠন | আইসিবি<br>এপ্রিল/১৬ থেকে জুন/১৭ | "আইসিবি এএমসিএল শিল্প বিনিয়োগ মিউচ্যুয়াল ফান্ড" গঠন এবং এর দ্রুত বাজারজাতকরণের লক্ষ্যে উদ্যোক্তা হিসেবে প্রস্তাবিত ফান্ডে বিনিয়োগ এবং ট্রাস্টি ও কাস্টোডিয়ান নির্ব াচনের বিষয়ে উদ্যোক্তাসমূহের পর্য দের সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উদ্যোক্তাগণের স্ব স্ব পরিচালনা বোর্ডের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১২ | ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন | ৫.৩ | • পরিবেশবান্ধব প্রযুক্তি ও উৎপাদনমুখী যন্ত্রপাতি আমদানি এবং পরিবেশবান্ধব পণ্য উৎপাদনের ক্ষেত্রে বিশেষ প্রণোদনা জনিত সুপারিশমালা প্রণয়ন<br>• সুপারিশমালা বাস্তবায়ন | বাংলাদেশ ট্যারিফ কমিশন | ক) বাংলাদেশ সরকারের অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত সোলার প্যানেল যেহেতু সম্ভাবনাময় একটি শিল্প, সেহেতু ফটোভোলটাইটিক মডিউল (পিভি) রপ্তানির বিপরীতে ১০% নগদ সহায়তা প্রদান করা যেতে পারে।<br>খ) ফটোভোলটাইটিক মডিউল এবং এর উৎপাদনে ব্যবহৃত ফটোভেলটাইটিক সেল এর এইচ. এস কোড ভিন্ন করা যেতে পারে। |
| ১৩ | স্থানীয় শিল্পের বিকাশ | ৪.২০ | ব্যয় সাশ্রয়ী আমদানি বিকল্প পণ্য আন্তর্জাতিক মানে উন্নীতকরণ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ থেকে জুন/২০১৭ | বিসিএসআইআর এ নিয়মিতভাবে গবেষণা ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী আমদানি বিকল্প পণ্য আন্তর্জাতিক মানে উন্নীতকরণের গবেষণা চলমান |
| ১৮ | পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ | ৮.৬ | ফুড সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেম, এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ থেকে জুন/২০২১ | বিশ্লেষণ সেবায় মাধ্যমে মানসম্মত পণ্য উৎপাদনে পণ্যের মান নিশ্চিতকরণ চলমান। পর্য ায়ক্রমে ল্যাবরেটরীসমূহ আন্তর্জাতিক মান সম্পন্ন করা হচ্ছে এবং সংবেদনশীল যন্ত্রপাতি সমূহ নিয়মিতভাবে Calibration করা হয়। |
| ২৩ | স্থানীয় শিল্পে উদ্ভাবনী প্রযুক্তির ব্যবহার | ৯.৩ | TISC কে পূর্ণ াঙ্গ কার্য করকরণ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ থেকে ডিসেম্বর/২০১৬ | শিল্প ভিত্তিক পণ্য উৎপাদনের জন্য প্রযুক্তি উদ্ভাবনের বিষয়ে নিয়মিতভাবে চলমান। |
| ৩৬ | পরিবেশবান্ধব শিল্প উন্নয়নে উৎসাহ প্রদান | ১৩.৬ | পরিবেশবান্ধব, টেকসই ও নতুন প্রযুক্তিভিত্তিক শিল্প উদ্ভাবকদের পুরস্কার প্রদান | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ থেকে জুন/২০২১ | প্রতিবছর বিজ্ঞান শিল্প ও প্রযুক্তি মেলায় পরিবেশবান্ধব, টেকসই ও নতুন প্রযুক্তিভিত্তিক শিল্প উদ্ভাবকদের (স্ব-শিক্ষিত বিজ্ঞানীদের পুরকৃত করা হয়। |
| | | | • IP বিষয়ক সাময়িকী/নিউজ লেটার প্রকাশ<br>• শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণ<br>• Need Based Study সম্পাদন<br>বিভিন্ন বিশ্ববিদ্যালয়, ডিপিডিটি ও R&D প্রতিষ্ঠানসমূহের সাথে কার্য কর গবেষণা তথ্য বিনিময় | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ থেকে জুন/২০১৯ | দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) Service agreement স্বাক্ষরিত হয়েছে। |
| ১৩ | স্থানীয় শিল্পের বিকাশ | ৪.২০ | ব্যয় সাশ্রয়ী আমদানি বিকল্প পণ্য আন্তর্জাতিক মানে উন্নীতকরণ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বিশ্বব্যাপী সর্ব াধিক চাহিদা সম্পন্ন ভিসাকোস পাট থেকে উৎপাদনের জন্য একটি প্রকল্প বিজেএমসি কর্তৃক গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির প্রাক সম্ভাব্যতা যাচাই করার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি বর্ত মানে কাজ করছে। |
| ১৪ | শিল্পখাতে ভূমির সংস্থান | ৬.২ | রাষ্ট্রীয় শিল্প কারখানার অব্যবহৃত ভূমিতে নতুন কারখানা স্থাপন সম্পর্কিত নীতিমালা প্রণয়ন | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন চিত্তরঞ্জন কটন মিলের জমিতে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে নিস্কন্টক ১০টি প্লটের মধ্যে ৩টি বিক্রয় করে হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট ৭টি প্লট বিক্রয়ের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, খুলনা টেক্সটাইল পল্লীর মামলার রায় বিটিএমসি'র পক্ষে হওয়ায় ২৪টি প্লটের ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। প্লটগুলি বিক্রয়ের কার্য ক্রম অব্যাহত রয়েছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১৫ | শিল্প সম্প্রসারণ | ১১.৪ (জ) | নতুন প্রযুক্তিতে উদ্ভাবিত মূল্য সংযোজিত পাট শিল্পের উৎপাদন ও বাজারজাতকরণ এবং সক্ষমতা বৃদ্ধি | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত পাট ও তুলার সংমিশ্রনে সাশ্রয়ী মূল্যের সুতা ও কাপড় তৈরি করার জন্য একটি প্রকল্প বিজেএমটি কর্তৃক গৃহীত হয়েছে। প্রকল্প প্রস্তাব একনেক (ECNEC) এর অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ২৭ | পাট শিল্পের বিকাশ | ১১.৩ (জ) | পাট মিশ্রিত পণ্য ও বৈচিত্র্যপূর্ণ পাটপণ্য উৎপাদনে সহায়তা | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বহুমুখী পাটপণ্য উৎপাদনের জন্য তিনটি শিল্প ইউনিট নিয়ে একটি প্রকল্প প্রস্তাব এবং ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী পাটের মসৃণ কাপড় তৈরি ও সরবরাহ করার জন্য প্রকল্প বিজেএমসি কর্তৃক গ্রহণ করা হয়েছে। বর্তমানে ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন কার্য ক্রম গ্রহণ করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। একটি প্রকল্প Project Evaluation Committee (PEC) কর্তৃক অনুমোদিত হয়েছে এবং অন্যটি অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ১৬ | রাষ্ট্রায়ত্ত শিল্পে ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি | ৭.১ | রাষ্ট্রায়ত্ত শিল্পকে লাভজনক ও প্রতিযোগী হিসেবে গড়ে তোলার উপায় নির্ধারণ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | বিটিএমসি'র বস্ত্র শিল্পকে লাভজনক করার লক্ষ্যে ১৬টি মিল পিপিপি-তে চালুর প্রক্রিয়া চলমান রয়েছে। ইতোমধ্যে ০২টি মিল (কাদেরিয়া টেক্সটাইল মিলস এবং আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস) পিপিপি'র মাধ্যমে পরিচালনার জন্য ১৪-০৬-২০১৭ তারিখে CCEA-হতে নীতিগত অনুমোদন প্রদান করে। মিল ২টির দ্রুত কার্য ক্রম গ্রহণের লক্ষ্যে অক্টোবর ২০১৭ এর মধ্যে চুক্তি স্বাক্ষর করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কার্য ক্রম অব্যাহত রয়েছে।<br><br>বাতীবোর আওতাধীন ৩টি সার্ভিস সেন্টার/শিল্প প্রতিষ্ঠান রয়েছে। শিল্প প্রতিষ্ঠানসমূহ হলোঃ<br>i) বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র, মাধবদী, নরসিংদী<br>ii) টেক্সটাইল ফ্যাসিলিটিজ সেন্টার (সার্ভিসসেন্টার), শাহজাদপুর, সিরাজগঞ্জ<br>iii) সার্ভিসেসএন্ড ফ্যাসিলিটিজ সেন্টার (সার্ভিসসেন্টার), কুমারখালী, কুষ্টিয়া। বর্ণিত প্রতিষ্ঠানসমূহ তাঁতি এবং ক্ষুদ্র টেক্সটাইল শিল্প মালিকগণের উৎপাদিত পণ্যের বয়নোত্তর সেবা যথা-ক্যালেন্ডারিং, স্টেটারিং, সিনজিং, ডাইং প্রিটিং, মাচারাইজিং প্রভুতি সেবা দেয়া হয়। তাঁতিদের বয়নপূর্ব সেবা যথা-ইয়ার্ণ ডাইং, টুইস্টিং প্রভুতি সেবা দেয়া হয়। বর্ণিতশিল্প প্রতিষ্ঠানসমূহকে লাভজনক ও প্রতিযোগী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ।<br>(i) "BMRE of the Existing Cloth Processing Centre, Madhabdi Narsingdi"<br>প্রকল্পটির জুন-২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ৮০%। প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রকল্প এলাকা ও আশেপাশের প্রায় ১.০০ লক্ষ তাঁতি বয়নপূর্ব ও বয়নোত্তর বিভিন্ন সেবা গ্রহণ করতে পারবে এবং কেন্দ্রের বর্তমান বাৎসরিক সাভিসিং ক্যাপাসিটি ৩.৬৮ কোটি মিটার থেকে বৃদ্ধি পেয়ে ১৭.১০ কোটি মিটারে দাঁড়াবে।<br>(ii) "Establishment of 3 Handloom Service Centres in different loom intensive areas"<br>জুন-২০১৭ পর্যন্ত প্রকল্পটির বাস্তবায়নঅগ্রগতি ৩৯%। প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রকল্প এলাকা ও আশেপাশের প্রায় ১.৪০ লক্ষ তাঁতি বয়নপূর্ব ও বয়নোত্তর বিভিন্ন সেবা গ্রহণ করতে পারবে এবং কেন্দ্রসমূহের সাভিসিং ক্যাপাসিটি বৃদ্ধি পাবে অর্থাৎ০৩টি কেন্দ্র থেকে মোট ৪৫.০২ লক্ষ কেজি সুতা রংকরণ এবং ২৫.২২ কোটি মিটার কাপড়ে সার্ভিস প্রদান করা সম্ভব হবে।<br>প্রকল্প দুটি বাস্তবায়িত হলে কাপড় উৎপাদনে ত্রুটির হার হ্রাস পাবে এবং গুণগত মানসম্পন্ন কাপড় উৎপাদিত হবে।<br>মাধবদীতে অবস্থিত প্রতিষ্ঠানটি ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত হয় তখন ঐ এলাকায় এ ধরণের কোন প্রতিষ্ঠান ছিল না। বর্তমানে নরসিংদী জেলায় এ ধরনের ২৭টি প্রতিষ্ঠান রয়েছে। বেসরকারি প্রতিষ্ঠানসমূহে আধুনিক যন্ত্রপাতি স্থাপন পূর্বক চলমান রয়েছে। এ সকল শিল্পের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে আধুনিক যন্ত্রপাতি সংযোজন, পুরাতন মেশিনারীজ মেরামত ভবন মেরামত এবং ভবন ও ফ্যাক্টরী শেডের সম্প্রসারণ করা হচ্ছে। মাধবদীতে অবস্থিত বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্রটি অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানগুলোর সাথে প্রতিযোগিতামূলকভাবে ও লাভজনকভাবে পরিচালিত হচ্ছ |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ৩১ | পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর | ১২.১৭ | পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তরে সভা, সেমিনার ও সচেতনতা বিষয়ক কার্য ক্রম গ্রহণ | পরিবেশ ও বন মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ হতে জুন/২০১৭ | পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তরের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর Joint Crediting Mechanism (JCM) এর JCM সচিবলয় এবং Climate Technology Center and Network (CTCN) এর National Designated Entity (NDE) হিসেবে কাজ করছে। JCM এর CTCN এর আওতায় প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট Stakeholder -দের সাথে সচেতনতা বিষয়ক প্রতিবছর ০২টি ওয়ার্কশপ/সেমিনার/ট্রেনিং এর আয়োজন করে থাকে যেমন JCM এর আওতায় প্রযুক্তি হস্তান্তরের জন্য গত ১৮ অক্টোবর ২০১৬ তারিখে Stakeholder দের সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত Capacity Building Workshop এবং বিগত ২৯ মার্চ ২০১৭ তারিখে FBCCI এর সাথে Capacity Building and Matchmaking Workshop এর আয়োজন করেছে। |
| ৪০ | পরিবেশবান্ধব শিল্প ব্যবস্থাপনা | ১৪ | জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন ক্ষমতাসম্পন্ন শিল্প সংখ্যা বৃদ্ধির কার্য ক্রম গ্রহণ | পরিবেশ ও বন মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ হতে জুন/২০১৭ | ইতোমধ্যে সরকার NDC Implementation Roadmap সহ বিদ্যুৎ শিল্প ও যোগাযোগ খাতের একশন প্ল্যান চূড়ান্ত করেছে। আশা করা যায়। ভবিষ্যতে শিল্পখাতে জ্বালানী সাশ্রয়ী স্বল্প প্রশমন প্রযুক্তিসম্পন্ন কার্য ক্রম গ্রহণের অগ্রাধিকার দেয়া হয়েছে। উক্ত একশন প্ল্যানে শিল্প সমূহের অভিযোজন সক্ষমতা বৃদ্ধির বিষয়টিও বিবেচনা করা হয়েছে। উক্ একশন প্ল্যানটি টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। বর্তমানে উপদেষ্টা কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে। |
| | | ১৪.৪ | শিল্প কারখানায় বর্জ্য পরিশোধনের ক্ষেত্রে Effluent Treatment plant (ETP)/ Central Effluent Treatment Plan (CETP) স্থাপন নিশ্চিতকরণ | পরিবেশ ও বন মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ হতে জুন/২০২১ | পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (২০১০) অনুযায়ী সকল লাল তালিকাভুক্ত শিল্প প্রতিষ্ঠান/তরল বর্জ্য নির্গমণকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে Effluent Treatment plant (ETP) স্থাপন বাধ্যতামূলক ETP স্থাপন ব্যাতিরেকে শিল্পপ্রতিষ্ঠানসমূহকে পরিবেশ ছাড়পত্র প্রদান করা হয় না। জুন ২০১৭ সারাদেশে ইটিপি কাভারেজ ৭৬% অর্থাৎ সারাদেশে মো ১৪২৫টি শিল্প প্রতিষ্ঠানে ইটিপি স্থাপিত হয়েছে। উল্লেখ্য, সরকারি উদ্যোগে সাভারের হরিণধারায় চামড়া শিল্প নগরীতে Central Effluent Treatment Plan (CETP) স্থাপন করে হাজারীবাগস্থ ট্যানারী কারখানাসমূহ স্থানান্তর করা হয়েছে। এছাড়াও ঢাকা, চট্টগ্রাম ও কুমিল্লা ইপিজেড এ CETP স্থাপন করা হয়েছে। বেসরকারি পর্যায়েও বৃহৎ আকারের শিল্প প্রতিষ্ঠানে CETP স্থাপন শুরু করা হয়েছে যেমন থার্মেক্স গ্রুপ এCETP স্থাপিত হয়েছে। |
| | | ১৪.৫ | জ্বালানী সাশ্রয়ী স্বল্প কার্বন নিঃসরণযোগ্য প্রযুক্তি ব্যবহার | পরিবেশ ও বন মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ হতে জুন/২০১৭ | স্বল্প কার্বন নিঃসরণযোগ্য প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে কার্বন নিঃসর হ্রাসের লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং জাপান সরকারের মধ্যে ২০১৩ সালে Joint Crediting Mechanism (JCM) নামক একটি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। JCM এর আওতায় বাংলাদেশ সরকার জাপান হতে বিদ্যুৎ, জ্বালানী, শিল্প ও অন্যান্য খাতে স্বল্প কার্বন নিঃসরণযোগ্য প্রযুক্তি, পণ্য, সেবা ও অবকাঠামো নির্মাণ/প্রচলনে ৩০ শতাংশ হতে সর্বোচ্চ৫০ শতাংশ পর্যন্ত অনুদান সহায়তা লাভ করবে যার মূল লক্ষ্য কার্বন নির্গমণ হ্রাস নিশ্চিতকরা ও টেকসই উন্নয়নে অবদান রাখা।<br><br>শিল্প কারখানাগুলোতে জ্বালানী সাশ্রয়ী এবং স্বল্প কার্বন নিঃসরণযোগ্য প্রযুক্তি স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে এর আওতায় ০৬টি প্রকল্পের মধ্যে ০৩টি প্রকল্পের প্রযুক্তি হস্তান্তরের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বাকি ০৩টি প্রযুক্তি হস্তান্তরের কার্য ক্রম চলমান রয়েছে।<br><br>এছাড়া Climate Technology Center and Network (CTCN) এর আওতায় আরো ০২টি প্রযুক্তি হস্তান্তরের কার্য ক্রম চলমান রয়েছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ৪০ | পরিবেশবান্ধব শিল্প ব্যবস্থাপনা | ১৪.৬ | ই-বর্জ্যের জন্য বিধিমালা ও গাইডলাইন তৈরি | পরিবেশ ও বন মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ হতে জুন/২০১৭ | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রিনিক বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালার খসড়া গত ০২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ ও ২২.০২.০০০০.০৬৫.২২.০৮৫.১৭.৪(১) সংখ্যক স্মারকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক ৩০টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কাছে উক্ত খসড়া বিধিমালার উপর মতামত আহ্বান করে। তন্মধ্যে ১৩টি মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতসমূহ প্রযোজ্য ক্ষেত্রে প্রস্তাবিত খসড়া বিধিমালায় সংযোজনের জন্য পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক বিগত ১৩/০৮/২০১৭ তারিখ ও ২২.০২.০০০০ .০৭৩.১৬.০০১.২০১২.২০৪ সংখ্যক স্মারকে পরিবেশ অধিদপ্তরে প্রেরণ করে। পরিবেশ অধিদপ্তর কর্তৃক উক্ত মতামত সমূহ সংকলনের কার্য ক্রম চলমান রয়েছে। উল্লেখ্য উক্ত খসড়া বিধিমালাটি আগামী ইদ-উল-আযহার ছুটির পর Stakeholder Consultation এর মাধ্যমে চূড়ান্ত খসড়া বিধিমালা পরবর্তী প্রয়োজনীয় কার্য ার্থে পরিবেশ ও বন মন্ত্রণালয় প্রেরণ করা হবে।<br><br>পরিবেশ অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে ই-বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক একটি খসড়া গাইডলাইন ও প্রণয়ন করা হয়েছে যা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অতিসত্তর মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। |
| | | | • National Recycle, Reuse and Reduce (3R) Strategy প্রণয়ন, অনুমোদন ও ব্যবহার<br>• শিল্প বর্জ্য রিসাইক্লিং কার্য ক্রমে প্রণোদনা প্রদান<br>• শিল্পকারখানার বর্জ্য ব্যবস্থাপনায় সামাজিক প্রতিষ্ঠানকে উৎসাহিতকরণ কার্য ক্রম<br>• বর্জ্য প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান নির্মাণে উৎসাহিত করা | পরিবেশ ও বন মন্ত্রণালয় এপ্রিল/২০১৬ হতে জুন/২০২১ | পরিবেশ অধিদপ্তরের থ্রি-আর (3R) পাইলট উদ্যোগ বাস্তবায়ন (ফেজ-১) শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নবর্ণি ত কার্য ক্রম সম্পাদিত হয়।<br>• ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার (মাতুয়াইল ও আমিন বাজার) জন্য সংস্থানকৃত ০১টি করে মোট ০২টি কম্পোস্ট প্লান্ট নির্মাণ।<br>• ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জন্য৬০৯টি রিক্স-ভ্যান সংগ্রহণ।<br>• প্রকল্প এলাকাভুক্ত ০৩টি সিটি কর্পোরেশনে০৩টি সেমিনার এবং জনসচেতনতা বৃদ্ধির জন্য ৪০দিন মাইকিং করা<br>• প্রকল্প এলাকায় ২০টি স্কুল কলেজে উদ্ধুদ্ধকরণ সভা ও সুবিধা ভোগীদের নিয়ে ফোকাস গ্রুপ গঠন।<br><br>পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রোগ্রাম্যাটিক সিডিএম প্রকল্পের আওতায় বর্জ্য ব্যবস্থাপনা জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রকল্প এলাকায় ২০১৬ -২০১৭ অর্থ বছরে জৈব হতে কম্পোস্ট সার উৎপাদন সম্পর্কিত নিম্নবর্ণি ত কার্য ক্রম গ্রহণকরা হয়েছ।<br>• বিগত ০৬/০৮/২০১৬ এবং ২৮/১০/২০১৬ তারিখে যথাক্রমে কক্সবাজার পৌরসভার রামু এলাকায় নির্মাণাধীণ এবং রংপুর সিটি কর্পোরেশন্ রংপুর এলাকায় দৈনিক ১৬ টন ধারণক্ষমতা সম্পন্ন কম্পোস্ট প্ল্যান্টের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেণ।<br>• গত ০১/১২/২০১৬ এবং ০৩/১২/২০১৬ তারিখে যথাক্রমে ময়মনসিংহ পৌরসভায় এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কম্পোস্ট প্ল্যান্টে "কম্পোস্ট প্ল্যান্টের পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও রিপোর্ট" বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>• গত ০৪/০৩/২০১৭ তারিখে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জৈব সার উৎপাদন কেন্দ্রে ল্যান্ডফিল গ্যাসমিটারের কার্য প্রণালী ও সুষ্ঠু ব্যবহার" বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>• পরিবেশ দূষণরোধে ও বর্জ্য ব্যবস্থাপনায় জনসচেতনতা সৃষ্টি এবং উৎসে বর্জ্য পৃথকীকরণে নির্দি ষ্ট পাত্রে বর্জ্য ফেলার জন্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রকল্প এলাকা ময়মনসিংহ পৌরসভায় আকুয়া এলাকায় বিভিন্ন ওয়ার্ডে হাউজ বিল্ডিং সোসাইটির মালিক বাজার প্রতিনিধি ও সুধীজনদের নিয়ে গত ২১-২২ মে ২০১৭ তারিখে ০৪টি কমিউনিটি ফোকাস গ্রুপ মিটিং এর আয়োজন করা হয়েছে।<br>● উৎসে বর্জ্য পৃথকীকরণের লক্ষ্যে উক্ত প্রকল্প হতে "বর্জ্য পৃথকীকরণ নির্দেশিকা" নামক লিফলেট/ফ্লাইয়ার প্রণয়ন করা হয়।<br>এছাড়া শিল্প কারখানার তরল বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে প্রযোজ্য সকল শিল্প প্রতিষ্ঠানকে ইটিপি নির্মাণ এবং চালু রাখার লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট কার্যক্রম জোড়দার করা হয়েছে। ইটিপি নির্মাণ ব্যতীত তরল বর্জ্য নির্গমণকারী শিল্প কারখানার ছাড়পত্র প্রদান ও নবায়ন করা হচ্ছে না এবং নির্দেশনা অমান্যকারী শিল্প প্রতিষ্ঠানকে জরিমানা করা হচ্ছে (অতিরিক্ত তথ্যের জন্য অনুচ্ছেদ নং ১৪.৪ দেখা যেতে পারে)। |
| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্যক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
| | স্থানীয় শিল্পের বিকাশ | ১২.৪ | মেধাসম্পদের সর্বোচ্চ বাণিজ্যিক ব্যবহারের সুযোগ সৃষ্টি | পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর<br>এপ্রিল/১৬ থেকে জুন/২১ | ডিপিডিটি হতে মেধাসম্পদ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে যেমন পেটেন্ট, ডিজাইন, ট্রেডমার্কস, সার্ভিস মার্কস ও ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন পূর্বক সনদ প্রদান করা হচ্ছে। এসব মেধাসম্পদ সনদ দিয়ে বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠান তাদের নিজস্ব নিয়মনীতির মাধ্যমে দেশে বিদেশে বাণিজ্যিক ব্যবহারের সুযোগ সৃষ্টি করছে। |
| | | | মেধাসম্পদের বাণিজ্যিক ব্যবহারের নীতিমালা প্রণয়ন এবং প্রয়োগ নিশ্চিতকরণ | এপ্রিল/১৬ থেকে জুন/২১ | মেধাসম্পদ সৃষ্টি ও সুরক্ষার লক্ষ্যে National IP Policy and Strategy প্রণয়নের কাজ চলছে। |
| ২১ | মেধা সম্পদ সংরক্ষণ | ৯.১ | ডিপিডিটিতে E-IP Management চালুকরণ | পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর<br>এপ্রিল/১৬ থেকে জুন/১৭ | ডিপিডিটিতে মেধাসম্পদ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে E-Filing এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে।২০২১ সালের মধ্যে On-line filing চালুর মাধ্যমে আন্তর্জাতিক মানের সেবা প্রদান সম্ভব হবে। |
| ২২ | IP গবেষণা জোরদারকরণ | ৯.৩ | IP বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সেমিনার, প্রশিক্ষণ, ওয়ার্কশপ আয়োজন | পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর<br>এপ্রিল/১৬ থেকে ডিসেম্বর/১৬ | মেধাসম্পদ সংরক্ষণের লক্ষ্যে পেটেন্ট, ডিজাইন, ট্রেডমার্কস ও ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন ও সৃজনশীল কাজে উদ্বুদ্ধকরণের জন্য এ সময় কালে বিভিন্ন স্টেকহোল্ডার, গবেষক, উদ্ভাবক ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের নিয়ে সেমিনার আয়োজন করা হয়েছে। |
| ২৩ | স্থানীয় শিল্পে উদ্ভাবনী প্রযুক্তির ব্যবহার | ৯.৩ | TISC কে পূর্ণাঙ্গ কার্য করকরণ | পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর<br>এপ্রিল/১৬ থেকে ডিসেম্বর/১৬ | গবেষক, শিক্ষক, আইনজীবি ও উদ্ভাবকদের সুবিধার্থে মেধাসম্পদ বিষয়ে তথ্য সরবরাহের লক্ষ্যে TISC প্রতিষ্ঠা পূর্বক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ২২ | IP গবেষণা জোরদারকরণ | ৯.৩ | • IP বিষয়ক সাময়িকী/নিউজ লেটার প্রকাশ<br><br>• শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণ<br><br>• Need Based Study সম্পাদন<br><br>• বিভিন্ন বিশ্ববিদ্যালয়, ডিপিডিটি ও R&D প্রতিষ্ঠানসমূহের সাথে কার্য কর গবেষণা তথ্য বিনিময় | পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এপ্রিল/১৬ থেকে জুন/২১ | আর এন্ড ডি ফলাফল পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্ক অধিদপ্তরে রেজিষ্ট্রেশন করা হয় (১৬ এপ্রিল থেকে ৩১/০১/২০১৭- ১৫টি পেটেন্ট রেজিষ্ট্রেশন করা হয়েছে)।<br>নিয়মিত বিসিএসআইআর এ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পিএইচডি, এমফিল, এম এস সি ও বিএসসি ছাত্রছাত্রীদের সহ-তত্ত্বাবধানে গবেষণা সহায়তা প্রদান করা হয়।<br><br>বিশ্ব মেধাসম্পদ দিবসে মেধাসম্পদের সৃষ্টি, লালন, সুরক্ষা এবং সৃজনশীলতা উদ্বুদ্ধ করার লক্ষ্যে মেধাসম্পদ বিষয়ক প্রকাশনা বের করা হয়। বিশ্ববিদ্যালয় শিক্ষক, গবেষক ও উদ্ভাবকদের নিয়ে মেধাসম্পদ বিষয়ে সৃজনশীলতার উপর গুরুত্ব দিয়ে সেমিনার আয়োজন কার্য ক্র অব্যাহত রয়েছে। বিজ্ঞানের বিভিন্ন শাখায় উদ্ভাবনের জন্য পেটেন্ট প্রাপ্তির লক্ষ্যে ডিপিডিটিতে দাখিলকৃত দেশী-বিদেশী বিভিন্ন পেটেন্ট আবেদনসমূহ আইন অনযায়ী অফিস চলাকালীন সময়ে পরিদর্শ ন এবং প্রয়োজনে উহার কপি সরবরাহের ব্যবস্থা আছে যাতে করে R&D প্রতিষ্ঠানের গবেষক এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ তাদের গবেষণা কাজের জন্য গুরুত্বপূর্ণ তথ্য পেতে পারেন এবং নব নব সৃজনশীল কাজে উদ্বুত হতে পারেন। |
| | পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ | ৮.৬ | মানসম্মত পণ্য উৎপাদনে ‘বাংলাদেশ মান (বিডিএস)’ নিশ্চিতকরণ কার্য ক্রম | বিএসটিআই | বিএসটিআই এপর্যন্ত ৪১০০ টিরও অধিক সংখ্যক বাংলাদেশ মান (বিডিএস) প্রণয়ন করেছে। এর মধ্যে বাংলাদেশ সরকার কর্তৃক এসআরও জারির মাধ্যমে ১৫৪টি পণ্যকে বিএসটিআই'র বাধ্যতামূলক সার্টি ফিকেশন মার্কস (সিএম লাইসেন্সের আওতাভুক্ত করা হয়েছে। এ ১৫৪টি পণ্য উৎপাদন, সরবরাহ ও বাজারজাতকরণে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বিএসটিআই,র পরীক্ষাগার হতে পণ্যের পরীক্ষণের মাধ্যমে পণ্যের গুণগত মান নিশ্চিত হওয়া সাপেক্ষে বিএসটিআই,র লাইসেন্স গ্রহণ করতে হয়। এছাড়া বিদ্যমান আমদানিনীতি অনযায়ী ৫৫টি পণ্য আমদানির ক্ষেত্রে ঐসব পণ্যের মান পরীক্ষাপূর্ব ক বাংলাদেশ কান (বিডিএস)-এর সমকক্ষ প্রমাণ করে বিএসটিআই হতে ছাড়পত্র নিতে হয়। |
| | | ৮.৭ | পণ্যের গুণগত মান উন্নয়নে নিয়মিত জাতীয় কর্ম শালার আয়োজন | বিএসটিআই | পণ্যের গুণগত মান উন্নয়নে নিয়মিত জাতীয় কর্ম শালার আয়োজন করা হচ্ছে। গত সেপ্টেম্বর ২০১৬ মাসে ভোজ্য তেলে ভিটামিন ও সমৃদ্ধকরণ আইন ২০১৩ ও প্রবিধানমালা ২০১৫ এর উপর সকল ভোজ্যতেল উৎপাদানকারী ও সংশ্লিষ্টদের সমন্বয়ে কর্ম শালা অনুষ্ঠিত হয়। সম্প্রতি ড্রিংকিং ওয়াটার ও ইলেকট্রিক্যাল পণ্য উৎপাদনকারী ও সংশ্লিষ্টদের সমন্বয়ে একটি করে কর্ম শালা অনুষ্ঠিত হয়। এটি একটি চলমান প্রক্রিয়া। |
| ২৮ | রপ্তানিমূখী শিল্প সম্প্রসারণ | ১১.৬ | বাণিজ্যিক চুক্তি নেগোসিয়েশনের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | বিএসটিআই | বিএসটিআই'র সিমেন্ট ল্যাব (রসায়ন ও পদার্থ), ফুড ও মাইক্রোবায়োলজিক্যাল ল্যাব এবং টেক্সটাইল টেস্টিং ল্যাবসমূহ ভারতের National Accreditation Board for Testing Laboratories (NABL) থেকে অ্যাক্রিডিটেশন প্রাপ্ত। পাশাপাশি বিএসটিআই'র চট্টগ্রাম খুলনা ও রাজশাহী আঞ্চলিক অফিসের কেমিক্যাল ল্যাবরেটরি পর্য ায়ক্রমে Accreditation এর আওতায় নিয়ে আসার কার্য ক্রমহাতে নেয়া হয়েছে।<br>বিএসটিআই'র ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরির ৬টি ক্যালিব্রেশন ল্যাবরেটরি নরওয়েজিয়ান অ্যাক্রেডিটেশন (NA) এবং বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (BAB) কর্তৃক যৌথভাবে অ্যাক্রেডিটেশন প্রাপ্ত। এছাড়া বিএসটিআই'র প্রোডাক্ট সার্টি ফিকেশন স্কীমে বর্ত মানে৮৯ পণ্য অ্যাক্রেডিটেশনের আওতায় আনা হয়েছে। বর্ত মানে ১৪টি পণ্যের অনুকূলে ভারতের National Accreditation Board for certification Bodies (NABCB) থেকে Accreditation প্রদান করা হয়েছে। এর ফলে বিএসটিআই-এর Product Certification Scheme এর আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রঃ | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১৮ | পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ | ৮.৬ | শিল্প খাতে এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম এবং এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নে দক্ষ জনশক্তি তৈরি | বিএসটিআই | এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে বিএসটিআই'র ৩ (তিন) জন কর্মকর্তাকে ভারতের একটি স্বনামধন্য সার্টি ফিকেশন বড়ি DNV এর মাধ্যমে হাতে কলমে প্রশিক্ষণ দেয়া হয়। এ ছাড়া ISO এর অর্থায়নে বিএসটিআইর ৪ (চার) কর্মকর্তাকে প্রথম দফায় শ্রীলঙ্কায় এবং ২য় দফায় থাইল্যান্ডে প্রশিক্ষণ দেওয়া হয়। দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে বিএসটিআই নিয়মিত কাজ করে যাচ্ছে এটি একটি চলমান প্রক্রিয়া । |
| | | | ফুড সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেম (FSMS) ISO 22000:2005 বাস্তবায়নজনিত কার্য ক্রম গ্রহণ | | ফুড সেইফটি ম্যানেজম্যান্ট সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে ভারতসহবিভিন্ন দেশে বিএসটিআই'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রতিনিয়ত বিএসটিআই থেকে ফুড সেইফটি বিষয়ক ট্রেনিং ও কর্মশালার আয়োজন করা হচ্ছে। বিএসটিআই'র নিজস্ব কর্মকর্তা ও বাহির থেকে আগত ট্রেইনারের মাধ্যমে ফুড সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেমের ট্রেনিং এর আয়োজন করা হচ্ছে। |
| | | | ফুড সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেম, এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ | | পণ্যের গুণগত মান নিশ্চিত করার পাশাপাশি বিএসটিআই ম্যানেজমেন্ট সিস্টেম সার্টি ফিকেশন সেল থেকে কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমেরউপর ৩০টি, ফুড সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেমের উপর ৯টি এবং এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেমের উপর ৪টি মোট ৪৩টি সার্টি ফিকেট প্রদান করা হয়েছে। আরও উল্লেখযোগ্য সংখ্যক ফুড সেইফটি ম্যানেজমেন্ট সিস্টেম এবং এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেমের উপর সার্টি ফিকেট প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ২০ | পণ্যের আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য বিধান | ৮.৭ | পরিবেশবান্ধব ও ব্যয় সাশ্রয়ী পণ্যের জাতীয় মান প্রণয়ন | বিএসটিআই | ২০১৬-২০১৭ অর্থ বছরে বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি ল্যাম্প ও বৈদ্যুতিক মটরের এনার্জি ইফিসিয়েন্ট মান প্রণয়ন করা হয়েছে। পূর্বে রিফ্রিজেরেটর, এয়ারকন্ডিশন, কুক স্টোভ, সিএফএল বাল্ব, ব্যালস্ট, বৈদ্যুতিক ফ্যানের এনার্জি ইফিসিয়েন্ট বাংলাদেশ মান (বিডিএস) প্রণয়ন করা হয়েছে। পরিবেশবান্ধব ও ব্যয় সাশ্রয়ী পণ্যের জাতীয় মান প্রণয়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| | | | পণ্যের সেইফটি সংক্রান্ত মান প্রণয়ন | | ২০১৬-২০১৭ অর্থ বছরে এলইডি ল্যাম্প ও বৈদ্যুতিক আয়রন-এর সেফটি সংক্রান্ত বাংলাদেশ মান (বিডিএস) প্রণয়ন করা হয়েছে। পূর্বে বৈদ্যুতিক সরঞ্জামাদির সেফটি সংক্রান্ত সাধারণ মানসহ বৈদ্যুতিক ফ্যান, সিএফএল বাল্ব রিফ্রিজেরেটর, এয়ারকন্ডিশন, ওয়াশিং মেশিন এর সেফটি সংক্রান্ত বাংলাদেশ মান (বিডিএস) প্রণয়ন করা হয়েছে। |
| ১৬ | রাষ্ট্রায়ত্ত শিল্পে ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি | ৭.১ | আধুনিক ব্যবস্থাপনা কৌশল প্রয়োগের মাধ্যমে শিল্প খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি | এনপিও এপ্রিল/২০১৬ হইতে জুলাই/২০২১ | শিল্প খাতের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২টি প্রতিষ্ঠানে কাইজেন কর্মসূচি শুরু করা হয়েছে। |
| ১৭ | উৎপাদনশীলতা বৃদ্ধি | ৮.১ | জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বার্ষিক কর্মসূচি প্রণয়ন | এনপিও এপ্রিল/২০১৬ হইতে জুন/২০১৬ | ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসূচি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| | | ৮.৪ | উৎপাদনশীলতা সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং প্রতিবেদন প্রস্তুত | জানুয়ারি/২০১৭ থেকে জুন/২০২১ এপ্রিল/২০১৬ হইতে জুন/২০২১ | ৪৫টি প্রতিষ্ঠান হতে উৎপাদনশীলা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়েছে এবং জুন, ২০১৭ এর মধ্যে প্রতিবেদন প্রস্তুত করা হবে। |
| | | ৮.৩ | উৎপাদনশীলতা উন্নয়নের জন্য দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | জুলাই/২০১৬ থেকে জুন/২০১৭ | উৎপাদনশীলতা উন্নয়নের জন্য ৩০টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে মোট ১২২৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। |
| | | ৮.৪ | উৎপাদনশীলতা সম্পর্কিত একটি কার্যকর ডেটাবেজ স্থাপন | | উৎপাদনশীলতা সম্পর্কিত একটি ডেটাবেজ তৈরির কার্য ক্রম অব্যাহত আছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রঃ | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ | ৮.৭ | পণ্যের গুণগত মান উন্নয়নে নিয়মিত জাতীয় কর্ম শালার আয়োজন | এনপিও এপ্রিল/২০১৬ থেকে জুন/২০২১ | ১টি কর্ম শালার আয়োজন করা হয়েছে। |
| ৪২ | শিল্প খাতে দক্ষতা বৃদ্ধি | ১৫.৪ | শিল্প ব্যবস্থাপনায় দক্ষতা বাড়ানোর জন্য কার্য কর কৌশল প্রণয়ন | এনপিও এপ্রিল/২০১৬ থেকে ডিসেম্বর/২০১৬ | শিল্প ব্যবস্থাপনায় দক্ষতা বাড়ানোর জন্য ৩টি ই-লানিং কর্ম সূচি আয়োজ্ন করা হয়েছে। |
| | | ১৫.৬ (ঘ) | বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃতি প্রদান কার্য ক্রম | প্রধান বয়লার পরিদর্শ কের কার্য লয় এপ্রিল/১৬ থেকে জুন/২১ | বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃত প্রদানস্বরূপ এপ্রিল'১৬ হতে সেপ্টেম্বর'১৭ পর্য ন্ত৫৯৩ জন প্রার্থীকে বয়লার পরিচালক সনদ প্রদান করা হয়েছে। |
| | | ১৫.৭ | বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ কার্য ক্রম (Apprenticeship) কে শক্তিশালীকরণ | প্রধান বয়লার পরিদর্শ কের কার্য লয় জানুয়ারি/১৬ থেকে জানুয়ারি/১৭ | বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানের কর্ম কর্তাদের সাথে জানুয়ারি'১৬ থেকে জানুয়ারি'১৭ পর্য ন্ত৪টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ হিসেবে সহকারী বয়লার অপারেটর নিয়োগের পরামর্শ প্রদান করা হয়েছে। |
| ৪২ | শিল্প খাতে দক্ষতা বৃদ্ধি | ১৫.৬ (ঘ) | বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃতি প্রদান কার্য ক্রম | প্রধান বয়লার পরিদর্শ কের কার্য লয় এপ্রিল/১৬ থেকে জুন/২১ | বয়লার পরিচালনায় স্ব-উদ্যোগে আহরিত কারিগরি দক্ষতার স্বীকৃত প্রদানস্বরূপ এপ্রিল'১৬ হতে সেপ্টেম্বর'১৭ পর্য ন্ত৫৯৩ জন প্রার্থীকে বয়লার পরিচালক সনদ প্রদান করা হয়েছে। |
| | | ১৫.৭ | বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ কার্য ক্রম (Apprenticeship) কে শক্তিশালীকরণ | প্রধান বয়লার পরিদর্শ কের কার্য লয় জানুয়ারি/১৬ থেকে জানুয়ারি/১৭ | বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানের কর্ম কর্তাদেঃ সাথে জানুয়ারি'১৬ থেকে জানুয়ারি'১৭ পর্য ন্ত৪টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বয়লার ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানে শিক্ষানবিশ হিসেবে সহকারী বয়লার অপারেটর নিয়োগের পরামর্শ প্রদান করা হয়েছে। |
| | | ৯.৩ | IP বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সেমিনার, প্রশিক্ষণ, ওয়ার্কশপ আয়োজন | নাসিব | ০১। "Patent, Design and Trademark of Light Engineering Products" শীর্ষ ক প্রশিক্ষণ কর্ম শাল(৮-১২জানুয়ারী ২০১৭) ঢাকা।<br>০২। "Productivity Management and Indternational Market Linkage to the Light Engineering Products" শীর্ষ ক প্রশিক্ষণ কর্ম শালা(১৪-১৬ জুন, ২০১৭), ঢাকা<br>০৩। এছাড়াও নাসিবের নিজস্ব উদ্যোগে বিভিন্ন জেলায় নাসিবের উদ্যোক্তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে Patent, Design and Trademark বিষয়ক বিভিন্ন কর্ম শালার আয়োজন করে যাচ্ছে। |

| ক্রঃ নং | বিষয় | অনুচ্ছেদ নং | কার্য ক্রম | বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা এবং বাস্তবায়নকাল | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ২৪ | শিল্পায়নে নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ ও বিকাশ | ১০.৩ | নারী শিল্পোদ্যোক্তাদের জন্য প্রচলিত ঋণ নীতিমালা সহজীকরণ | নাসিব | ০১। "Access to finance for the Light Engineering Sector" শীর্ষ ক সেমিার (০৫ জুন ২০১৬), ঢাকা |
| | | ১০.৫ | নারী শিল্পোদ্যোক্তাদের তথ্য সংরক্ষণে ডেটাবেজ তৈরি | | |
| | | ১০.৭ | উন্নত ও নতুন প্রযুক্তিভিত্তিক ম্যানুফ্যাকচারিং কর্ম কান্ডে নারী শিল্প উদ্যোক্তা গ্রুপ ও সংস্থাসমূহকে উৎসাহ প্রদানে কার্য ক্রম গ্রহণ | | |
| | | ১০.৩ | • নারী উদ্যোক্তাদের জন্য জামানতবিহীন ঋণ প্রদানের পরিমাণ ও পরিধি সম্প্রসারণ<br>• নারী শিল্পদ্যোক্তাগণকে প্রাক-বিনিয়োগ পরামর্শ প্রদান | নাসিব | ০২। "Productivity Management in Light Engineering Sector" শীর্ষ ক প্রশিক্ষণ কর্ম শাল(১৫-১৯ জানুয়ারী, ২০১৭), হবিগঞ্জ।<br>০৩। "Access to Finance for SMEs in Light Engineering Sector" শীর্ষ ক সেমিনার(১৫ মে ২০১৭০, চট্টগ্রাম।<br>০৪।" উদ্যোক্তা উন্নয়ন ও ব্যাংকে প্রেরণযোগ্য ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন" শীর্ষ ক প্রশিক্ষণ কর্ম শাল(১৭-২১ ডিসেম্বর, ২০১৬), বরগুনা।<br>০৫। " Productivity Development in the Light Engineering Products" শীর্ষ ক প্রশিক্ষণ কর্ম শালা(২০-২৪ মে ২০১৭), ব্রাহ্মবাড়িয়া।<br>০৬। এছাড়াও নাসিব বি-স্কিলফুল প্রকল্পের আওতায় নাসিব ও সুইসকন্টাক্টের যৌথ আয়োজনে ফিনান্সিয়াল লিস্কেজ শীর্ষ ক সেমিনারের মাধ্যমে নারী উদ্যোক্তাদের মধ্যে ব্যাংক ঋণ সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি ও ব্যাংকের সাথে নারী উদ্যোক্তাদের সম্পর্ক স্থাপন, উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ এবং শ্রম অধিকার ও শোভন কাজ শীর্ষ ক প্রশিক্ষণ কর্ম সূচি নির্দি ষ্ট ০৬ (ছয়)টি জেলায় বাস্তবায়ন করা হচ্ছে। জেলাগুলো হলো দিনাজপুর, জয়পুরহাট বগুড়া টাঙ্গাইল, গাজীপুর ও যশোর। ময়মনসিংহ/যশোর সহ সারাদেশে নাসিবের জেলা শাখাগুলোতে পূবালী ব্যাংক ও অন্যান্য তফসিলি ব্যাংকের মাধ্যমে ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের মাঝে জামানত বিহীন ক্ষুদ্র ঋণ বিতরণ কার্য ক্রম পরিচালিত হয় যা পর্য ায়ক্রমে সারাদেশে বাস্তবায়ন হবে।<br>০৭। কেন্দ্রীয় নাসিবের অধীনে "নাসিব নারী উদ্যোক্তা কাউন্সিল (NWEC)" রয়েছে যার মাধ্যমে শুধুমাত্র নারী উদ্যোক্তা উন্নয়নসহ নারী উদ্যোক্তাদের মাঝে ঋণ প্রাপ্তি ও ব্যাংক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে বিভিন্ন সচেতনতামূলক কার্য ক্রম ধারাবাহিকভাবে পরিচালিত হচ্ছে। |
| ২৬ | রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের প্রণোদনা ও সুযোগ-সুবিধাদি | ১১.৪ (ঘ) | রপ্তানিমুখী শিল্পে স্থানীয় প্রচ্ছন্ন রপ্তানির সুযোগ-সুবিধা বৃদ্ধি | নাসিব | ০১। নাসিব উদ্যোক্তাগণকে মেম্বারশীপ সার্টি ফিকেট প্রদানের মাধ্যমে আমদানি ও রপ্তানি শিল্পের সাথে সম্পৃক্ত হওয়ার সার্বি ক সহযোগিতা প্রদান করছে। সেই সাথে কাস্টমস থেকে বিভিন্ন মেশিনারী ও পণ্য খালাসে রেয়াতি হারে শুল্কায়নের জন্য বিভিন্ন বন্ড ও সার্টি ফিকেট অব অরিজিন ইস্যু করছে।<br>০২। রপ্তানিযোগ্য পণ্য প্রস্তুতের ক্ষেত্রে নাসিব সারা বাংলাদেশে তার সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ কর্ম শালার আয়োজন করা যাচ্ছে।<br>০৩। নাসিব আন্তর্জাতিক বাজারের সাথে শিল্পোদ্যোক্তাদের সংযোগের ক্ষেত্রে এবং রপ্তানিযোগ্য পণ্যের আন্তর্জাতিক প্রদর্শ নীর আয়োজন করে থাকে।<br>০৪। রপ্তানিযোগ্য পণ্যের রপ্তানি সহজীকরণ এবং সরকারি বিভিন্ন সুবিধাদি প্রাপ্তির জন্য নাসিব তার সদস্যদের হয়ে সংশ্লিষ্ট সরকারি সংস্থার সাথে বিভিন্ন পরামর্শ, সভা ও গাল টেবিল বৈঠকের আয়োজন করে যাচ্ছে। |

**আলোচ্যসূচি ৪: চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালার খসড়া প্রণয়ন**

বাংলাদেশে চামড়া শিল্পের ব্যাপক সম্ভাবনা রয়েছে। তৈরি পোশাকের পরই বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে চামড়া শিল্পের অবস্থান। বিশ্ববাজারে চামড়ার পাশাপাশি বাংলাদেশে তৈরি চামড়াজাত পণ্যের চাহিদা বাড়ছে। গত ১৪ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশে চামড়া, চামড়াজাত পণ্য এবং পাদুকা শিল্প উন্নয়নের জন্য একটি নীতিমালা প্রণয়ন করে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করার নির্দেশনা দেয়া হয়েছে। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে চামড়াজাত পণ্য ও পাদুকা রপ্তানি নীতিমালা প্রণয়নের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (স্বস) কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়। কমিটি একটি খসড়া চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালা প্রস্তুত করেছে।

**আলোচ্যসূচি ৫:**

**ক। গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং শিল্প খাতকে অগ্রাধিকার খাতে অন্তর্ভুক্ত করা**

বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) তাদের পত্রে জানান যে, গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং শিল্প খাত থেকে বিগত অর্থ বছরে প্রায় ৬.১২ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে এবং লক্ষাধিক লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। তৈরি পোশাক শিল্পের পরই এ খাত দেশের অর্থনৈতিক কর্মকান্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গার্মেন্টস এক্সেসরিজ ও প্যাকেজিং খাতের অর্থনৈতিক কর্মকান্ড এবং রপ্তানির সম্ভাবনা বিবেচনায় নিয়ে উক্ত খাতকে অগ্রাধিকার খাত হিসাবে বিবেচনা করে শিল্পনীতিতে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হয়েছে।

বর্তমানে কোন শিল্পকে অগ্রাধিকার শিল্পের তালিকাভুক্তি করার ক্ষেত্রে ECNCID সভায় আলোচনাক্রমে সভার সিদ্ধান্ত মোতাবেক গেজেট প্রকাশ পূর্বক জাতীয় শিল্প নীতি২০১৬ এ অন্তর্ভুক্ত করা হয়। বিষয়টি বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**খ। নারিকেলের ছোবড়ার আঁশ (Coir) নির্ভর শিল্পকে অগ্রাধিকার খাতে অন্তর্ভুক্তকরণ**

নারিকেলের ছোবড়া থেকে আঁশ (Coir), আঁশ থেকে পণ্য উৎপাদন এবং পণ্য বাজারজাত পর্যন্ত হাজার হাজার নারী ও পুরুষের কর্মসংস্থান করেছে এই শিল্পটি অপ্রচলিত মূল্যহীন এই কৃষি পণ্যটি এখন একটি দামী পণ্যে রূপান্তরিত হচ্ছে এবং কৃষক ন্যায্য মূল্য পাচ্ছে। আঁশ (Coir) এর পণ্যসমূহ পরিবেশ বান্ধব হওয়ায় সারা পৃথিবী জুড়ে এর ব্যাপক চাহিদা। কোন সরকারি বা বেসরকারি পৃষ্ঠ পোষকতা ছাড়াই দেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে নিজস্ব ডিজাইনে উদ্ভাবিত স্থানীয়ভাবে তৈরী মেসিন পত্র দিয়ে তারা গুটিকয় উদ্দোক্তা এই শিল্পের উপর নির্ভর একটি শ্রেণী গড়ে উঠেছে। অপ্রচলিত কৃষি শিল্প হলেও বাংলাদেশ ব্যাংকের কৃষি শিল্পের তালিকায় উক্ত শিল্পের নাম উল্লেখ না থাকায় তারা কম সুদে ব্যাংক ঋণ পায় না। ফলে পরিবেশ বান্ধব অন্যান্য অপ্রচলিত কৃষি শিল্পের ন্যায় নারিকেলের ছোবড়া নির্ভর শিল্পকে অগ্রাধিকার প্রাপ্ত কৃষি শিল্পের তালিকাভুক্ত করার জন্য অনুরোধ জানিয়েছে। কৃষি মন্ত্রনালয় থেকে এ আবেদন টি অগ্রগামী করা হয়েছে।

বর্তমানে কোন শিল্পকে অগ্রাধিকার শিল্পের তালিকাভুক্তি করার ক্ষেত্রে ECNCID সভায় আলোচনাক্রমে সভার সিদ্ধান্ত মোতাবেক গেজেট প্রকাশ পূর্বক জাতীয় শিল্প নীতি২০১৬ এ অন্তর্ভুক্ত করা হয়। বিষয়টি বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্যসূচি ৬: হস্ত ও কারুশিল্প নীতিমালা ২০১৫ বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ**

হস্ত ও কারুশিল্পের উত্তোরোত্তর উন্নয়ন, মান নিশ্চিত এবং বাজার সম্প্রসারণ করে এ খাতকে অধিকতর সুসংগঠিত করার মাধ্যমে জাতীয় অর্থ নীতিতে এ খাতের অবদান বৃদ্ধির উদ্দেশ্যে শিল্প মন্ত্রণালয় থেকে হস্ত ও কারুশিল্প নীতিমালা ২০১৫ জারী করা হয়েছে। জাতীয় অর্থ নীতিতে হস্ত ও কারুশিল্প খাতের অবদান বৃদ্ধির উদ্দেশ্যে 'হস্ত ও কারু শিল্প সমন্বয় পরিষদ' এর প্রথম সভা মাননীয় শিল্পমন্ত্রীর সভাপতিত্বে গত ১৭ নভেম্বর, ২০১৬ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় হস্ত ও কারুশিল্প নীতিমালা ২০১৫ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে একটি সমন্বিত প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়নের জন্য অতিরিক্ত সচিব (স্বস) কে আহ্বায়ক করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং সংস্থার সদস্যদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি প্রস্তাবিত প্রকল্পের খসড়া ডিপিপি প্রণয়ন করেছে। বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**আলোচ্যসূচি ৭: বিবিধ**

মাননীয় শিল্প মন্ত্রীর সানুগ্রহ অভিপ্রায় অনুযায়ী অন্য যেকোন বিষয় আলোচনা করা যেতে পারে।